মেহেরপুর সদরের বারাদী বিএডিসি ফার্মে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবি

মেহেরপুর সদর উপজেলার বারাদী বিএডিসি ফার্মে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হোক এ দাবি স্থানীয়দের।
স্থানীয়রা মেহেরপুর প্রতিদিনের মাধ্যমে দাবি জানিয়ে জানান, বারাদী কৃষি প্রধান অঞ্চল। ৪১০ একর জমির উপর অবস্থিত, বিএডিসি এর আওতায় একটি বিশাল আয়তনের হিমাগার রয়েছে, এছাড়া বিএডিসির পাশে এগ্রিকালচার সেন্টার অবস্থিত এবং পাশাপাশি বারাদী হর্টিকালচার সেন্টারও রয়েছে যেখানে বিভিন্ন প্রকার চারা উৎপাদান করা হয় ও কৃষক, কৃষাণীদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ্য করে গড়ে তোলা হয়। যে কারণে বারাদী অঞ্চলে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের জোর দাবি জানানো হয়েছে।
মেহেরপুর জেলার গাংনী উপজেলায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন এবং জনপ্রশাসন মন্ত্রালয়ের প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম,পি এর নির্বাচনী এলাকা মেহেরপুর একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে বিষয়ে জরুরি ভিত্তিতে মতামত প্রদানের জন্য সরকারি আদেশ দেওয়া হয়।

মেহেরপুরে ইলেকট্রিক ব্যবসায়ী রাজুর করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে আজ একজন করোনা পজিটিভ হয়েছে। মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসিরউদ্দিন ‘মেহেরপুর প্রতিদিন’ তে বিষয়টি নিশ্চিত করেন।

তিনি বলেন, আজ শুক্রবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ১৫ টি প্রাপ্ত রিপোর্ট এর মধ্যে ১ টি পজিটিভ এসেছে।

জানা গেছে, নতুন করে আজ একজন করোনা পজেটিভ হয়েছে তিনি মেহেরপুর হোটেল বাজারের লর্ড মার্কেট এর ব্যবসায়ী রাজু ইলেকট্রিক এর প্রোপাইটর রাজু আহমেদ।

এর আগে তার নমুনা সংগ্রহ করে পরিক্ষার জন্য কুষ্টিয়ার পিসিআর ল্যাব পাঠানো হয়। আজ তার রিপোর্ট এসেছে এতে তার করোনা পজিটিভ বলে জানা যায়। এর আগে নমুনা সংগ্রহের পর পরেই তার দোকান ও বাড়ি লকডাউন করা হয়েছে।

উল্লেখ্য, মোট নমুনা পাঠানো হয়েছে ১৮৭৬ টি এর মধ্যে ফলাফল এসেছে ১৬২৭টি যার মধ্যে ৬১ টি পজিটিভ বাকি ১৫৬৬ টি নমুনা নেগেটিভ বলে জানান সিভিল সার্জন।

আক্রান্ত ৬১ জনের মধ্যে মেহেরপুর সদরে ৩১ জন, গাংনী ২৪ জন ও মুজিবনগরে ৬ জন। এ পর্যন্ত জেলায় করোনায় মৃত্যু হয়েছে ৫ জনের, সুস্থ হয়েছেন ২৩ জন, বাইরে পাঠানো হয়েছে ৪ জন কে এবং ২৯ জন বর্তমান চিকিৎসাধীন রয়েছেন।

গাংনীতে নিয়মনীতি না মেনে বহুতল ভবন নির্মানের অভিযোগ, কাজ বন্ধ করলেন পৌর মেয়র

গাংনী পৌরসভার পশু হাসাপাতাল সম্মুখে পৌর নিয়মকানুন না মেনে বহুতল বিশিষ্টি ভবন নির্মাণ করায় নির্মাণ কাজ বন্ধ করে দিলেন পৌর কর্তৃপক্ষ। পৌর সভা থেকে বারবার তাগিদ দিলেও নিয়ম মানতে নারাজ ভবন মালিক। বড় ধরনের দুর্ঘটনার দায় এড়াতে নির্মান কাজ বন্ধ দাবী পৌর কর্তৃপক্ষের।

জানাগেছে, গাংনী পৌর সভার পশু হাসপাতালের পার্শে এবং মহিলা কলেজ রোড সম্মুখে ৬ শতক জমির ওপর চার তলা ভবন নির্মান কাজে শুরু করেন স্থানীয় আবদুল গনির ছেলে সামসুজ্জামান এবং ওয়াহিদুজ্জামান। উক্ত জমি পৈত্রিক সুত্রে মালিক সামসুজ্জামান এবং ওয়াহিদজ্জামান ভবনের

কাজ শুরু করেন ৩ বছর আগে।

ভবন নির্মাণ বিষয়টি পৌর কর্তৃপক্ষের দুষ্টি পড়লে তাদেরকে ভবন নির্মানের অনুমোতি সহ সকল নিয়মকানুন মেনে নির্মাণ কাজ শরু করার নির্দেশ দেন। জমির মালিকদ্বয় সে নির্দেশ অমান্য করে নির্মাণ কাজ চালিয়ে যায়। দফায় দফায় কাজ চালু করে ৩ তলা ভবনের কাজ শেষ করেন। আজ শুক্রবার ছিল চার তলার ছাদ ঢালাইয়ের কাজ। উপরের দিকে ছাঁদের অংশে ভেঙ্গে পড়ার আশংকা করেন স্থানীয়রা।

এমন একটি অভিযোগের ভিত্তিতে গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম পৌর সভার সকল কাউন্সিলর বৃন্দদের সাথে নিয়ে ছাদ ঢালাইয়ের কাজ বন্ধ করে দেন। এসময় অনুমোতির বিষয়য়ে কোন কাগজ পত্র দেখাতে পারেনি ভবনের মালিক সামসুজ্জামান।

সামসুজ্জামান সাংবাদিকদের বলেন, আমরা অনুমোদনের জন্য টাকা জমা দিয়েছি। টাকা জমার রশিদ এখন খুজে পাওয়া যাচ্ছেনা।
এদিকে ভবনের ছাদ ঢালাই কাজ বন্ধের জন্য প্রতিবেশি মহব্বত আলী জেলা প্রশাসক বরাবর একটি আবেদন করেছেন।

মহব্বত আলীর অভিযোগে জানা গেছে, ভবনের নিচের অংশ সামসুজ্জামানের নিজের জমিতে থাকলেও উপরের অংশ ক্রমশ বৃদ্ধি পেয়েছে। এতে মহব্বতের ভবনের ক্ষতি হতে পারে।

এ বিষয়ে সামসুজ্জামানের ছোট ভাই বাচ্চু জানায়, সকল নিয়মকানুন মেনেই ভবনের কাজ শুরু হয়েছে। তাদের ৬ শতক জমির পাশ দিয়েই ৪ ফিট রাস্তা রাখা হয়েছে। কিন্তু মহব্বত আলী সে এক ইঞ্চি জমি রাস্তার জন্য ফেলে রাখেনি।

তিনি আরো বলেন, তিন বছর আগে অনুমোতি না নিয়ে যখন ভবনের পোতা খোড়ার কাজ করা হচ্ছিল তখন পৌর মেয়র কেনো বিষয়টি এড়িয়ে গেছেন? এমন অনেক ভবনই গাংনীতে নিয়মনীতির তেদায়াক্কা না করেই হয়েছে।

পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, প্রথম থেকেই তাদের নোটিশ করা হয়েছে। কিন্তু তারা পৌর আইন না মেনে ভবনের কাজ চালিয়ে আসছেন। তাই নিয়মনীতি মানতে সকল নাগরিক বাধ্য একারনেই চার তলার ছাদ ঢালাই কাজ বন্ধ করে দেয়া হয়েছে।

তিনি আরও বলেন, পৌর সভার প্রোকৌশলী বিষয়টি দেখবেন তার পর অনুমোদন সাপেক্ষে ভবনের কাজ পুররাই শুরু করবেন। তাছাড়া ভবন

নির্মানের ত্রুটির কারনে দুর্ঘটনা ঘটলে পৌর কর্তৃপক্ষ দায় এড়াতে পারেনা তাই এই কাজ বন্ধ করা হয়েছে।

গাংনীতে দুটি বাড়ি লকডাউন

মেহেরপুরের গাংনী উপজেলায় পৌরশহরে শহরে একটি বাড়ি ও উপজেলার কোদালকাটি গ্রামের একজন মহিলার করোনা পজিটিভ হওয়াই দুটি পরিবারকে লকডাউন ঘোষণা করেছে উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ।

শুক্রবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা নির্বাহি অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ, গাংনী থানা পুলিশের একটি টিম ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একজন চিকিৎসক বাড়িতে ঢুকে লকডাউন ঘোষণা করে।

বাড়ির দেয়ালে লকডাউন সম্বলিত সাইনবোর্ড লাগিয়ে দেয়া হয় এবং বাড়ির বাহিরে বের না হতে পরামর্শ দেয়া হয়। লকডাউন কৃত পরিবারদের প্রশাসনিক ও চিকিৎসা সেবার জন্য সার্বিক সহযোগিতা করার আশ্বাস দেন উপজেলা স্বাস্থ্য বিভাগ।

সূত্র জানায় কোদালকাটি গ্রামের করে আক্রান্ত মহিলা একজন স্কুল শিক্ষিকা। এছাড়া গান নিয়ে শহরের লকডাউন কৃত ব্যক্তি ব্যবসায়ী। তিনি ঢাকা থেকে কয়েক দিন আগে বাড়ি ফিরেছেন।

তিনি জানিয়েছেন তার শরীরে কোন ধরনের লক্ষণ নেই অসস্তিও নেই। শারীরিক কোনো সমস্যা নেই। তবে তিনি সকলের দোয়া চেয়েছেন সুস্থতার জন্য।

গাংনী উপজেলা নির্বাহি অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, লকডাউন কৃত পরিবারদের সার্বিক সহযোগিতা ও নিয়মিত চিকিৎসা প্রদান করা হবে। সেই সাথে তিনি গান্ধী বাসীকে সামাজিক গুরুত্ব ও সচেতনতার সাথে চলাফেরার অনুরোধ জানান।

মেপ্র/এমএফআর

করোনা কেড়ে নিল আরও ৪০ প্রাণ, আক্রান্ত ৩৮৬৮

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪০ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ৬৬১ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ৮৬৮ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৩০ হাজার ৪৭৪ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৬৩৮ জন এবং মোট সুস্থ ৫৩ হাজার ১৩৩ জন।

শুক্রবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ঘণ্টায় ১৮ হাজার ২৭৫টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে পূর্বের নমুনাসহ ১৮ হাজার ৪৯৮টি নমুনা পরীক্ষা করে ৩ হাজার ৮৬৮ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ১ লাখ ৩০ হাজার ৪৭৪ জন। শনাক্তের হার ২০ দশমিক ৯১ শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৪০ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৩১ জন ও নারী ৯ জন। এ নিয়ে মোট মারা গেলেন ১ হাজার ৬৬১ জন।

নাসিমা সুলতানা জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ৮৬৮ জন। এ পর্যন্ত সুস্থ ৫৩ হাজার ১৩৩ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৪০ দশমিক ৭২ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ২৭ শতাংশ।

তিনি আরও জানান, বয়স বিভাজনে ০-১০ বছরের মধ্যে একজন, ৩০-৪০ বছরের মধ্যে ২ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৬ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১২ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১৪ জন, ৭১-৮০ বছরের মধ্যে ৩ মারা এবং ৮১-৯০ বছরের মধ্যে একজন গেছেন।

নাসিমা জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিভাগে ১৪

জন, চট্টগ্রামে ১২ জন, সিলেটে ৩ জন, খুলনায় ৪ জন, বরিশালে ৪ জন এবং রংপুরে ৩ জন মারা গেছেন। এর মধ্যে হাসপাতালে ৩১ জন ও বাড়িতে ৯ জন মারা গেছেন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

যুগান্তর রিপোর্ট

আলমডাঙ্গার রেডজোন হাড়োকান্দি এলাকায় পুলিশের মাস্ক বিতরন

আলমডাঙ্গায় করোনাভাইরাসের রেডজোন হাড়োকান্দি এলাকায় মাস্ক বিতরণ করেছে থানা পুলিশ। গতকাল বিকাল ৫ টার দিকে উপজেলার আইলহাঁস ইউনিয়নের হাড়োকান্দি গ্রামে ২০০ মাস্ক বিতরণ করা হয়।

জেলা পুলিশের সার্বিক সহযোগিতায় ও তারাদেবী ফাউন্ডেশনের অর্থায়নে মাস্ক বিতরণ করে আলমডাঙ্গা থানা পুলিশ। থানার ওসি (তদন্ত) মাসুদুর রহমান উপস্থিত থেকে মাস্ক বিতরণ করেন।

এ সময় তিনি বলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশের নির্দেশে ২ লক্ষ্য মাস্ক বিতরণ করার সিদ্ধান্ত নিয়েছেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম। এর পেক্ষিতে আলমডাঙ্গা উপজেলায় ৫০ হাজার মাস্ক বিতরণ করা হবে। এসময় আরো উপস্থিত ছিলেন ঘোলদাড়ি ক্যাম্পের আইসি আব্দুল গাফ্ফার।

[redacted]

[redacted] (AA).

[redacted] (AA [redacted]) [redacted].

[redacted] [redacted] [redacted] [

এস ময় নুরু- উছ- সাফা প্লাবন বলেন সারা বিশ্বে যখন করোনাভাইরাস মহামারি আকার ধারণ করেছে। আসুন আমরা দল মত নির্বিশেষে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে করোনাভাইরাস মোকাবেলা করতে হবে।

সেই সাথে মেহেরপুর জেলা কে রেড জোন ঘোষণা করার জোর দাবি জানাই।
এ সময় উপস্থিত ছিলেন লিজন, ইউসুফ, মাসুম, হোসাইন, মিনারুল, ও মাসুদ রানা।

মেহেরপুরে বহিস্কৃত কারারক্ষী আলিমের সহযোগী সেন্টু আটক

মেহেরপুরে মাদক মামলার পলাতক আসামী মোহাম্মদ সেন্টু রহমানকে আটক করেছে মেহেরপুর ডিবি পুলিশ। বৃহস্পতিবার সন্ধায় গাংনী উপজেলার বামুন্দী এলাকা থেকে তাকে আটক করা হয়। গত মঙ্গলবার ইয়াবাসহ আটক হওয়া কারারক্ষী আব্দুল আলিম বিশ্বাস এর সহযোগী হিসেবে কাজ করতো সেন্টু। এসময় আব্দুল আলিম সহ পলাতক আসামী হিসেবে সেন্টুর নামে মেহেরপুর সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছিল। আটক সেন্টু গাংনীর চেরাগী গ্রামের মৃত সবগুল মন্ডলের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গত মঙ্গলবার আটক হওয়া কারারক্ষী আব্দুল আলিম এর সহযোগী হিসেবে কাজ করতো সেন্টু। জেলে থাকাকালিন সময়ে আব্দুল আলিম এর সাথে সক্ষ্য গড়ে ওঠে সেন্টুর। জেল থেকে বের হয়ে সেন্টুর সহযোগীতায় মাদকের সিন্ডিকেট গড়ে তুলেছিল আলিম। ওসি জুলফিকার আরও জানান, আটক সেন্টু বিরুদ্ধে এছাড়াও আরও ৭ টি মামলা রয়েছে।

মেপ্র/এমএফআর

কোটচাঁদপুরে কিন্ডারগার্ডেন শিক্ষকদের মাঝে এমপি চঞ্চলের অর্থ প্রদান

দেশের করোনা প্রতিরোধে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় মানবতার জীবন-যাপন করছেন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা। মানুষ গড়ার এইসব কারিগরদের দুঃখ-কষ্টের কথা ভেবে তাদের পাশে এসে দাড়ালেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

গতকাল বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর রেইনবো ইন্সটিটিউট অ্যান এলিমেন্ট্রি স্কুলে ১’শ ২৯জন শিক্ষদের মাঝে তিনি নগদ অর্থ প্রদান করেন।

রেইনবো ইন্সটিটিউট অ্যান এলিমেন্ট্রি স্কুলের সভাপতি নাজনীন হাফিজার সভাপতিত্বে এবং প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা পরিচালক ও প্রিন্সিপাল মোঃ শাহজান আলীর পরিচালনায় অর্থ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, স্থানীয় জাতীয় সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা আ.লীগের সিনিয়র সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, উপজেলা আ.লীগের যুগ্ন-সাধারণ সম্পাদক সামাউল হক লাড্ডু, পৌর আ.লীগের যুগ্ন-আহ্বায়ক শহিদুজ্জামান সেলিম, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, আ.লীগ নেত্রী রুবিনা রহমান সহ প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা।

অনুষ্ঠানে কোটচাঁদপুর উপজেলার ১৯টি কিন্ডারগার্ডেন শিক্ষা প্রতিষ্ঠানের ১’শ ১৪ জন ও মহেশপুর উপজেলার ১টি কিন্ডারগার্ডেন শিক্ষা প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষদের মাঝে এই নগদ অর্থ প্রদান করা হয়।